দৈনিক বাংলা

তারিখ ... ১৯.১১.৮৫ ..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

0 045

## চারটি মেডিক্যাল কলেজের এমবিবিএস পরীক্ষার ফল প্রকাশ

(স্টাফ রিপোর্টার)

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত দেশের চারটি মেডিক্যাল কলেজের এমবিবিএস ফাইন্যাল পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। চলতি বছরের সেপ্টেম্বর মাসে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই পরীক্ষায় মোট ৬০৮ জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করেন। এর মধ্যে পাস করেছেন ৩৩৬ জন। পাসের হার হচ্ছে শতকরা ৫৫ দশমিক দুই।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ফল প্রকাশ

(১ম পৃঃ পর)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, ঢাকা মেডিক্যাল কলেজ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ এবং শেরে বাংলা মেডিক্যাল কলেজ (বরিশাল) নিয়ন্ত্রিত হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের ডীন প্রফেসর এ কে এম সালাম জানান যে, চলতি নবেম্বর মাসের ৮ তারিখ এমবিবিএস ফাইন্যাল পরীক্ষা সমাপ্ত হয়েছে। মাত্র দশ দিনের ব্যবধানে পরীক্ষার ফল প্রকাশিত হলো।

**মেধা তালিকা:**

রোল নং-১ ময়মনসিংহ মেডিক্যাল কলেজ—মনসুর খলিল (অনার্স ইন সার্জারী এন্ড গাইনোকোলজী), রোল—৪১৯ ঢাকা মেডিক্যাল কলেজ—গোতম পদ সোম (অনার্স ইন মেডিসিন), রোল-৪১৭ ঢাকা মেডিক্যাল কলেজ—এ এইচ এম মাহবুবুল হক, রোল-৪১৮ ঢাকা মেডিক্যাল কলেজ—সাবিনা শাহনাজ, রোল-২ ময়মনসিংহ মেডিক্যাল কলেজ—শেখ মোঃ নূরুল ইসলাম (অনার্স ইন গাইনোকোলজী), রোল-৪২০ ঢাকা মেডিক্যাল কলেজ—ফজিলাতুন্নেসা মালিক, রোল-৪২৪ ঢাকা মেডিক্যাল কলেজ—শেখ জিন্নাত আরা নাসরিন (অনার্স ইন মেডিসিন), রোল-৮৫ ময়মনসিংহ মেডিক্যাল কলেজ—সৈয়দ আফজাল ইকবাল (অনার্স ইন গাইনোকোলজি), রোল-৪২৯ ঢাকা মেডিক্যাল কলেজ—মোখলেসুর রহমান এবং রোল-৩২১ স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ—রোশান শেঠো।